দৈনিক ইনকিলাব

তারিখ 05 JUL 1997
পৃষ্ঠা ৩ কলাম ৭

5

### বাংলাদেশ সহকারী শিক্ষক সমিতি

## বেসরকারী শিক্ষক কর্মচারীদের জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্ত না করলে বৃহত্তর আন্দোলন

বাংলাদেশ সহকারী শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির এক সভা সমিতির কার্যালয়ে সভাপতি এসএম. হাবিবর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় সম্প্রতি সরকার প্রণীত জাতীয় বেতন স্কেলে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অন্তর্ভুক্তির ব্যাপারে সরকারের কোন সুস্পষ্ট ব্যাখ্যা না থাকায় নেতৃবৃন্দ তীব্র ক্ষোভ প্রকাশ করেন। তারা বলেন, বেসরকারী শিক্ষক-কর্মচারীদের জাতীয় বেতন স্কেলের অন্তর্ভুক্ত করা না হলে আন্দোলনের কর্মসূচী গ্রহণের সিদ্ধান্ত নেয়া হবে। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মহাসচিব মোঃ মাজেদ তালুকদার, সহ-সভাপতি প্রদীপ চক্রবর্তী, যুগ্ম মহাসচিব মোঃ জহির উদ্দিন, মোঃ মিজানুর রহমান, সাংগঠনিক সচিব মনিশংকের হালদার এবং বিদেশ সচিব অশোক কান্তি গুহ। প্রেস বিজ্ঞপ্তি।